# 2019

# BENGALI

## ( Elective )

Paper : 5.2

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

ক—বিভাগ, খ—বিভাগ এবং গ—বিভাগ-এর যে কোনো একটি বিভাগ থেকে উত্তর দাও।

## ক—বিভাগ

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) রমেশের জমিদারির হিসাবপত্র কে রাখতেন?

(খ) "তবে মন্দিরের বাইরে একটু অপেক্ষা করুন, আমি পূজোটা সেরে নিই। পথে যেতে যেতে আমার পরিচয় দেব..."—কার উক্তি?

(গ) বেণীমাধব ঘোষালের ছোটোখুড়োর নাম কী?

(ঘ) কুঁয়াপুর গ্রামের স্কুলের হেডমাস্টার কে ছিলেন?

(ঙ) 'পল্লীসমাজ' উপন্যাসটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল?

(চ) "ওস্তাদ তুমি বাপের সমান তোমাকে করি মান্য।" এখানে 'ওস্তাদ' বলতে কাকে বোঝানো হয়েছে?

(ছ) "রাধারাণীকে কাঁদাইয়া রাজ্যলোভী শ্যাম রাজা হইয়াছে সেখানে, সে রাজ্যে নিতাই যাইবে না।" কোন্ স্থানে নিতাই যেতে চায়নি?

(জ) নিতাইদের বংশগত উপাধি কী ছিল?

(ঝ) "চাঁদ তুমি আকাশে থাক আমি তোমায় দেখব খালি।" নিতাইয়ের গানে 'চাঁদ' বলতে কার কথা বলা হয়েছে?

(ঞ) "হায়, জীবন এত ছোট কেনে? এ ______।"
( শূন্যস্থান পূর্ণ কর )

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) "মুড়ি বেচে খায়, সব ঘরে যাতায়াত করে, সকলের সব কথা টের পায়।" কার সম্বন্ধে এ কথা বলা হয়েছে? বক্তা কে?

(খ) "ও ডালে ডালে বেড়ায় তো আমি পাতায় পাতায় ফিরি যে।" বক্তা কে? কার সম্বন্ধে এ কথা বলা হয়েছে?





(গ) "দশ বৎসর খুড়ো-ভাইপোর মুখ দেখাদেখি ছিল না।" খুড়ো এবং ভাইপোর নাম উল্লেখ করো।

(ঘ) মাঘী পূর্ণিমায় চামুণ্ডা পূজার মেলায় কোন্ কোন্ কবিয়ালের কবিগানের লড়াই হত?

(ঙ) 'ভব কপি, মহাকপি দগ্ধানন সলাঙ্গুল।' কে, কাকে এই শ্লোকটি বলে আশীর্বাদ করেছিলেন?

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) 'পল্লীসমাজ' উপন্যাসে কুঁয়াপুর এবং পিরপুরের হিন্দু-মুসলমান সমাজের একটি তুলনামূলক আলোচনা প্রস্তুত করো।

(খ) কাশীযাত্রার পূর্বে বিশ্বেশ্বরী ও রমেশের মধ্যে যে কথোপকথন হয়েছিল তা বর্ণনা করো।

(গ) ব্যাখ্যা করো :

বাবা, শুধু আলো জ্বেলে দে রে, শুধু আলো জ্বেলে দে। গ্রামে গ্রামে লোক অন্ধকারে কানা হয়ে গেল; একবার কেবল তাদের চোখ মেলে দেখবার উপায়টা করে দে বাবা!

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) "ভগবান মানুষের মন লইয়া কি মজার খেলাই না খেলেন। এক ঘটে, মানুষ তাঁহার ছলনায় অন্য দেখে। ঠাকুরঝি বসন্তকে দেখিয়া চলিয়া গেল, বসন্ত ঠাকুরঝিকে দেখিয়া চলিয়া গেল।" ঘটনাটি বিবৃত করো।

(খ) নিতাই কেন গোঁসাইজির আশ্রয় ছেড়ে স্টেশনে এসে উঠেছিল তা বিবৃত করো।

(গ) "মেয়েদের সেদিন সমস্তদিন উপবাস।" 'কবি' উপন্যাস অবলম্বনে সেই দিনটির একটি বিবরণ প্রস্তুত করো।

৫। প্রতি গুচ্ছ থেকে **দুটি** করে মোট **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

**ক—গুচ্ছ**

(ক) " 'পল্লীসমাজ' উপন্যাসের ভেতরে একটা করুণ রসের ধারা বইলেও টাইপ চরিত্রগুলির মধ্য দিয়ে শরৎচন্দ্র হাস্যরসের ধারাও উন্মুক্ত করে দিয়েছেন।" উপযুক্ত দৃষ্টান্ত সহযোগে বিষয়টি আলোচনা করো।

(খ) " 'পল্লীসমাজ' উপন্যাসে বিশ্বেশ্বরী চরিত্র একটু বিবর্ণ ও নিরুত্তাপ হলেও তিনি রমেশ চরিত্রের পরিপূরক।" সমালোচকের এই মন্তব্যের আলোকে বিশ্বেশ্বরী ও রমেশের চরিত্রের পরিপূরক বৈশিষ্ট্যগুলো আলোচনা করো।

(গ) 'পল্লীসমাজ' উপন্যাসের নামকরণের বৈশিষ্ট্য আলোচনা করো।

(ঘ) 'পল্লীসমাজ' উপন্যাসের গোবিন্দ গাঙ্গুলি চরিত্র বিশ্লেষণ করো।

**খ—গুচ্ছ**

(ঙ) 'কবি' উপন্যাসকে 'আঞ্চলিক উপন্যাস' বলা যায় কি? এ সম্বন্ধে তোমার অভিমত ব্যক্ত করো।





(চ) 'কবি' উপন্যাস অবলম্বনে নিতাইয়ের জীবনে ঠাকুরঝির ভূমিকা আলোচনা করো।

(ছ) 'কবি' উপন্যাস অবলম্বনে একটি কবিগানের আসরের বর্ণনা দাও।

(জ) 'কবি' উপন্যাস অবলম্বনে 'বসন্ত' চরিত্রটি বিশ্লেষণ করো।

**খ—বিভাগ**

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'ভোটার সাবিত্রীবালা' গল্পের লেখক কে?

(খ) নাসিমের মায়ের নাম কী?

(গ) আন্ডাহল্ট স্টেশনের ফৌজি সাংকেতিক নাম কী ছিল?

(ঘ) সতীনাথ বয়সে ছবির চেয়ে কত বছরের বড়ো ছিল?

(ঙ) "গাছের চেহারা তখন শুধু কাঠের চেহারা হয়।" কোন্ ঋতুতে গাছের এ অবস্থা হয়?

(চ) অঞ্জনগড়ের মহারাজা কে ছিলেন?

(ছ) 'ফসিল' গল্পে কে কুর্মিদের নেতা ও মুখপাত্র হয়ে উঠেছিল?

(জ) "গাই গরুরও স্বামী নেই, তারা কি লছমী নয়?" বক্তা কে?

(ঝ) স্টিফান হোরোদের স্কুলের হেডমাস্টার কে ছিলেন?

(ঞ) 'গোত্রান্তর' গল্পের সঞ্জয়ের বাড়ি কোথায় ছিল?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) "ভালো কাজকর্ম করতে পারলে জাহাজেই বহাল করব এক সময়।" কে, কাকে একথা বলেছে?

(খ) "খুব উৎসাহ করে আমায় বলেছিলেন, তুমি আমায় পরিবেশন করে খাওয়াবে, বুঝলে? এরা ভালো করে দেবে না।" কে, কার কাছে ভালো করে খেতে চেয়েছিল?

(গ) "ঐ ভাইবোনদের খপ্পর থেকে সামলে থেকো বাঙালিবাবু।" 'ভাইবোন' দুজনের নাম লেখো।

(ঘ) "জীসস্। আমি সত্যি ঘাবড়ে গেছি। এই মেয়েটা আমার বাইবেল ও বিজ্ঞান উল্টে দিয়েছে।" এ কথা কে, কার উদ্দেশ্যে বলেছে?

(ঙ) "সে আমাদের গান্ধী ছিল ঘোষ। আমি তাঁকে চোখে দেখিনি, আমার বাবার মুখে তাঁর কথা শুনেছি।" এখানে 'আমাদের গান্ধী' বলতে কার কথা বলা হয়েছে? বক্তা কে?

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) আন্ডাহল্ট স্টেশনের একটি বর্ণনা দাও।

(খ) 'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পের চিরকি মুন্মু চরিত্রটির প্রাসঙ্গিকতা আলোচনা করো।

(গ) "মিলের ঘরে ঘরে মুনিবজী নোটিশ পড়ে গেলেন—মাইনে ও মজুরী শতকরা চল্লিশ কাট্।" রতনগঞ্জের মিলে এ ধরনের মাইনে ও মজুরী কাটের প্রকৃত কারণ কী? আলোচনা করো।





৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) পুরানো গাড়ি জগদ্দলের প্রতি বিমলের আন্তরিক ভালোবাসার পরিচয় দাও।

(খ) "তুই যদি কোনক্রমে ছ'মাস আলিপুর জেলে কাটাতে পারিস, তোর যক্ষ্মা ভাল হয়ে যাবে।" প্রসঙ্গ উল্লেখ করে সংশ্লিষ্ট ঘটনাক্রমের পরিচয় দাও।

(গ) "লাল জানালার মানুষটার মুখে সবাই অন্য কথা শুনল।" 'গাছ' গল্প অবলম্বনে এই অন্যকথার পরিচয় ব্যক্ত করো।

৫। প্রতি গুচ্ছ থেকে দুটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

### ক—গুচ্ছ

(ক) 'গাছ' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) 'সারেঙ' গল্পে জাহাজের শ্রমিকদের জীবনচিত্র যেভাবে ফুটে উঠেছে তা আলোচনা করো।

(গ) "আপনাদের ভোট দেব কেন; কাউকেই দেব না।" বক্তা কাউকেই ভোট দিতে চায়নি কেন তা আলোচনা করো।

(ঘ) 'ভারতবর্ষ' গল্পে মাহাতোদের চারিত্রিক বৈশিষ্ট্য এবং জীবনযাত্রার যে পরিচয় চিত্রিত হয়েছে তা পরিস্ফুট করো।

## খ—গুচ্ছ

(ঙ) ‘ফসিল’ গল্পের মি. মুখার্জির চরিত্রটি বিশ্লেষণ করো।

(চ) ‘গোত্রান্তর’ গল্পের সঞ্জয় চরিত্রটির চারিত্রিক বৈশিষ্ট্যগুলো পরিস্ফুট করো।

(ছ) ‘অযান্ত্রিক’ গল্পের পরিসমাপ্তি বিশ্লেষণ করো।

(জ) ‘চতুর্থ পানিপথের যুদ্ধ’ গল্পের নামকরণের তাৎপর্য আলোচনা করো।

## গ—বিভাগ

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) ‘সাজাহান’ নাটকে যোধপুর পতির নাম কী?

(খ) দারাকে হত্যার দায়িত্ব কে গ্রহণ করেছিল?

(গ) বিদূষক দিলদারের প্রকৃত নাম কী?

(ঘ) “আমি পার্তাম ত সম্মুখ যুদ্ধে এর শির নিতাম, কিন্তু হত্যা মহাপাপ।” বক্তা কে?

(ঙ) কোন্ অঞ্চলে সুজার মৃত্যু হয়েছিল?

(চ) রহিমের বন্ধু মহিম চৌধুরীর বাবা পেশায় কী ছিলেন?

(ছ) ঝড়-বৃষ্টিতে রহিমের কীসের খেত নষ্ট হয়ে গিয়েছিল?





(জ) “যুদ্ধের চাঁদা রাজার মাঙ্গন! প্রজার দ্যাওয়ার লাগে।” বক্তা কে?

(ঝ) পিতৃমাতৃহীন ফুলজান কার বাড়িতে বড়ো হয়েছিল?

(ঞ) “হাকিমুদ্দির বুদ্ধিশুদ্ধি চুষি খাওয়ার কায়দাতে রোজা নমাজ সবই আছে মনটা খালি ____।” ( শূন্যস্থান পূর্ণ করো )

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) সাজাহানের কোন্ পুত্র পিতার বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে নিজেকে ‘সম্রাট’ বলে ঘোষণা করেছিল? সে কোন্ অঞ্চলের শাসনকর্তা ছিল?

(খ) “আজ আমার মতো দরিদ্র কে! আর আপনি—আপনি এই ভারত সাম্রাজ্য পেয়েছেন বটে! কিন্তু তার চেয়ে বড় সাম্রাজ্য আজ হারালেন।” বক্তা কে? এখানে ভারত সাম্রাজ্য থেকেও বড়ো কোন্ সাম্রাজ্যের কথা বলা হয়েছে?

(গ) রহিমুদ্দি শহর থেকে কত টাকা দামে কী বাজনা কিনে এনেছিল?

(ঘ) হাকিমুদ্দির নির্দেশে কুক্রা যে ডাকাতি করেছিল তাতে তার সঙ্গী দুজনের নাম লেখো।

(ঙ) আকালের সময় রহিমদের গ্রামের গোরু-বলদ কে সস্তায় কিনে নিয়েছিল? সে কোন্ হাটে সেগুলো চালান দিয়েছিল?

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) "কিন্তু আমি ক্ষমা করি নাই ঘাতক! পৃথিবীশুদ্ধ যদি তোমায় ক্ষমা করে, আমি কর্ব না।" বক্তা কে? তার এই উক্তির প্রেক্ষাপটটি আলোচনা করো।

(খ) দারার হত্যা দৃশ্যটি বর্ণনা করো।

(গ) "ঔরংজীব! এবার তোমার উত্থান না পতন? পতন? অসম্ভব। উত্থান? কিন্তু কি উপায়ে?" বক্তা কে? কোন্ প্রসঙ্গে একথা বলা হয়েছে তা আলোচনা করো।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) রহিম তার স্ত্রী ফুলজানকে তালাক দিয়েছিল কেন তা আলোচনা করো।

(খ) 'ছেঁড়াতার' নাটকের গোবিন্দ চরিত্রটি আলোচনা করো।

(গ) হাকিমুদ্দি কী উদ্দেশ্যে রহিমের বাপজানকে 'হজ্'-এ যেতে উৎসাহিত করেছিল?

৫। প্রতি গুচ্ছ থেকে দুটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও :
১০×৪=৪০

**ক—গুচ্ছ**

(ক) 'সাজাহান' নাটকের ভাষাশৈলী আলোচনা করো।

(খ) "ঔরংজীবের সূক্ষ্ম শাণিত বুদ্ধি বারবার জয়লাভ করিয়াছে বটে, কিন্তু তাঁহার সর্বশেষ জয় হইয়াছে হৃদয়বৃত্তির করুণ আবেদনে।" ঘটনাক্রম পর্যালোচনা করে মন্তব্যটির সার্থকতা বিচার করো।





(গ) 'সাজাহান' নাটকের সংগীত সন্নিবেশ সম্বন্ধে একটি আলোচনা প্রস্তুত করো।

(ঘ) ঐতিহাসিক নাটক হিসেবে 'সাজাহান' নাটকটির সার্থকতা বিচার করো।

**খ—গুচ্ছ**

(ঙ) 'ছেঁড়াতার' নাটকে মন্বন্তরের যে চিত্র ফুটে উঠেছে তা বর্ণনা করো।

(চ) স্বপ্ন, দারিদ্র্য, পারিবারিক প্রেম ও ধর্মীয় বিধানের জটিল আবর্তে রহিম চরিত্রটি কীভাবে পরিস্ফুট হয়েছে তা আলোচনা করো।

(ছ) 'ছেঁড়াতার' নাটকের অপ্রধান চরিত্র সৃষ্টিতে নাট্যকারের কৃতিত্বের পরিমাপ করো।

(জ) 'ছেঁড়াতার' নাটক অবলম্বনে হাকিমুদ্দির শঠতা, কপটতা, ধূর্তামি, শয়তানির বিশদ পরিচয় দাও।

★★★